


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫.২০১১

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

**বিষয়: আগস্ট ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।**

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০২ আগস্ট ২০২৬ দুপুর ০২.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জুলাই ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, জুলাই ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

| বিভাগ/দেশ | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:) | বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ৩৭১ | ৪৯৫ | +৩৩.৪% | ২০ | ২৫ |
| ময়মনসিংহ | ৪৩৭ | ৪৩৭ | -০.০৫% | ২০ | ২৭ |
| চট্টগ্রাম | ৬৯২ | ১০৪৭ | +৫১.০% | ২৩ | ২৬ |
| সিলেট | ৫৩৬ | ৭৩৬ | +৩৭.৩% | ২৬ | ২৭ |
| রাজশাহী | ৩১১ | ৩৫৪ | +১৩.৬% | ১৮ | ২৩ |
| রংপুর | ৪০৯ | ৪৭২ | +১৫.৪% | ২১ | ১৯ |
| খুলনা | ৩৬২ | ৫৫৪ | +৫৩.০% | ২০ | ২৬ |
| বরিশাল | ৫৩৫ | ৬০২ | +১২.৬% | ২২ | ২৮ |
| সারাদেশ | ৪৫৭ | ৬৬৬ | +৩৫.৬% | ২১ | ২৫ |

জুলাই ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (৩৫.৬%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। ময়মনসিংহ বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়। জুলাই ২০২৬ মাসে বঙ্গোপসাগরে তিনটি লঘুচাপ তৈরি হয়, যার মধ্যে দুইটি মৌসুমী নিম্নচাপে পরিণত হয়। প্রথম লঘুচাপটি ০২ জুলাই ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ এলাকায় তৈরি হয়। ৪ জুলাই ২০২৬ এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয় এবং ৫ জুলাই ২০২৬ এটি আরও ঘণীভূত হয়ে মৌসুমী নিম্নচাপে পরিণত হয় । এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ৬ জুলাই ২০২৬ সকাল ৬ টায় বলেশ্বরের নিকট দিয়ে উত্তর উড়িষ্যা উপকূল অতিক্রম করে। পরবর্তীতে আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। দ্বিতীয় লঘুচাপটি ১৫ জুলাই ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় তৈরি হয়। ১৬ জুলাই ২০২৬ এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ১৭ জুলাই ২০২৬ এটি দুর্বল এবং গুরুত্বহীন হয়ে পড়ে। তৃতীয় লঘুচাপটি ২৫ জুলাই ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ-উত্তর উড়িষ্যা এলাকায় তৈরি হয়। ২৬ জুলাই ২০২৬ এটি সুস্পষ্ট লঘুচাপ আকারে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থান করে এবং এটি আরও ঘণীভূত হয়ে দুপুর ১২ টায় মৌসুমী নিম্নচাপে পরিণত হয়। ২৭ জুলাই ২০২৬ এটি আরও ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয় এবং উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-উড়িষ্যা উপকূলীয় এলাকায় অবস্থান করে। ২৮ জুলাই ২০২৬ সকাল ৬টায় এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে সরে গিয়ে পশ্চিমবঙ্গ-উড়িষ্যা উপকূল অতিক্রম করে। পরবর্তীতে এটি আরও পশ্চিম দিকে অগ্রসর ও ক্রমান্বয়ে দুর্বল এবং গুরুত্বহীন হয়ে পড়ে। সক্রিয় মৌসুমী বায়ু প্রবাহ, সুস্পষ্ট লঘুচাপ ও নিম্নচাপের প্রভাবে বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ সারা দেশে মাসের অধিকাংশ সময় বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ৩২৯ মি.মি. আমবাগান, চট্টগ্রাম রেকর্ড (৮ জুলাই ২০২৬) করা হয়। বিক্ষিপ্তভাবে ৩-৪ জুলাই ২০২৬ পর্যন্ত মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। জুলাই মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৬°সে. রংপুর (৪ জুলাই ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ২২.০°সে. সিলেট (২১ ও ২২ জুলাই ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক ছিল। তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা জুলাই ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক আগস্ট ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ) | পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা | আগস্ট ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%) |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ৩০১ | ২৮০-৩২০ | ১৮ | ১৬-২০ | ৪০-৫০ |
| ময়মনসিংহ | ৩৫৭ | ৩৪০-৩৮০ | ১৮ | ১৬-২০ | ৪৫-৫৫ |
| চট্টগ্রাম | ৫০৫ | ৪৮০-৫২০ | ২২ | ২০-২৪ | ৪০-৫০ |
| সিলেট | ৪৭০ | ৪৫০-৪৯০ | ২৩ | ২১-২৫ | ৪০-৫০ |
| রাজশাহী | ২৫১ | ২৪০-২৬০ | ১৮ | ১৬-২০ | ৩০-৪০ |
| রংপুর | ৩৫৫ | ৩৫০-৩৯০ | ২০ | ১৮-২২ | ৪০-৫০ |
| খুলনা | ২৮৭ | ২৬০-৩০০ | ১৮ | ১৬-২০ | ৩৫-৪৫ |
| বরিশাল | ৪০৭ | ৩৮০-৪২০ | ২২ | ২০-২৪ | ৪৫-৫৫ |

১. **বৃষ্টিপাত:** এ মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. **নিম্নচাপ:** বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ০১(এক) টি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।
৩. **বজ্রঝড়:** এ মাসে দেশে ৫-৬ দিন বজ্রঝড় হতে পারে।
৪. **তাপমাত্রা:** এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৫. **তাপপ্রবাহ:** এ মাসে দেশে ১-২ টি বিচ্ছিন্নভাবে মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারী (৩৮-৩৯.৯°সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।
৬. **নদ-নদীর অবস্থা:** আগস্ট মাসে দেশের প্রধান নদ-নদীসমূহের পানিসমতল সামগ্রিকভাবে বৃদ্ধি পেতে পারে এবং মৌসুমী ভারি বৃষ্টিপাতজনিত কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় অঞ্চলে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
৭. **কৃষি আবহাওয়া:** এ মাসে দেশে দৈনিক গড় বাষ্পীভবন ২.৫-৪.৫ মি.মি. এবং গড় উজ্জ্বল সূর্যকিরণকাল ২.৫-৪.৫ ঘন্টা থাকতে পারে।

০২/০৮/২৬
(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab secy@cabinet.gov.bd
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd